



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌ পরিবহণ অধিদপ্তর
১৪১-১৪৩ মতিঝিল বা/এ (৮ম তলা)
ঢাকা-১০০০

ফোন : ৯৫১৩৩০৫
ফ্যাক্স : ৯৫৮৭৩০১
ইমেইল : info@dos.gov.bd
ওয়েব সাইট : www.dos.gov.bd

PLAN SUBMISSION
PROCESSES PROCEDURE

নং - ১৮.১৭.০০০০.৪০০.০১.০০১.১৬/২৯৩৭

তারিখঃ ০৬/০৫/২০১৮ খ্রিঃ

সার্কুলার

এতদ্বারা সকল অভ্যন্তরীণ নৌযানের নক্সা প্রস্তুতকারী প্রতিষ্ঠান, বিস্তার্স, প্যানেল সুপারভাইজার এবং নক্সা জমা ও অনুমোদন প্রক্রিয়ার সাথে জড়িত অধিদপ্তরের সকল কর্মকর্তা ও কর্মচারীদের দৃষ্টি আকর্ষণ করে জানানো যাচ্ছে যে, নক্সা অনুমোদন প্রক্রিয়ায় স্বচ্ছতা ও গতিশীলতা আনয়নের লক্ষ্যে এখন থেকে নিম্নলিখিতভাবে কার্যাদি সম্পন্ন করতে হবে :

- (১) নৌযানের নামকরণের ছাড়পত্র প্রাপ্তির জন্য অধিদপ্তরে আবেদন জমা দেওয়ার পর আবেদনপত্র যাচাই-বাছাই করার পর কমিটি যে সকল নৌযানের নামকরণের জন্য সুপারিশ করবে সে সকল নৌযানের অনুকূলে ছাড়পত্র জারী করা হবে।
- (২) নৌ পরিবহণ অধিদপ্তর থেকে নতুন নৌযান নির্মাণের জন্য নামকরণের ছাড়পত্র প্রাপ্তির পর মালিকপক্ষ তার পছন্দমত নক্সা প্রস্তুতকারী প্রতিষ্ঠানের নিকট থেকে নক্সা প্রস্তুত করে অধিদপ্তরের নক্সা গ্রহনকারী শাখায় জমা দিবেন।
- (৩) নক্সা গ্রহনকারী শাখার কর্মচারী নৌযানের নক্সা গ্রহন করার সময় মালিকের আবেদন কপিতে Received সীল দিয়ে স্বাক্ষর ও তারিখ দিবেন। অতঃপর একটি রেজিস্টার বইয়ে ক্রমিক নম্বর, আবেদনকারীর নাম, প্রতিষ্ঠানের নাম, মোবাইল নম্বর, জাহাজের নাম, জাহাজের ধরন, গ্রহণের তারিখ ও সময় লিপিবদ্ধ করবেন এবং নক্সার সাথে পেশকৃত আবেদনপত্রে (Forwarding letter) রেজিস্টার বইয়ে লিপিবদ্ধ ক্রমিক নম্বর উল্লেখপূর্বক মহাপরিচালক বরাবরে প্রেরিত ডাক ফাইলে প্রেরণ করবেন। তাছাড়া নক্সা জমা দেওয়ার সময় নক্সা শাখার সংশ্লিষ্ট কর্মচারী সরকারের নির্ধারিত ফি (ব্যাংকে জমা রশিদ) গ্রহন পূর্বক সরকারী রশিদ সাথে সাথে তার বাহককে প্রদান করবেন।
- (৪) জমাকৃত ড্রয়িংয়ে কোন প্রকার ভুলত্রুটি থাকলে তা বাছাই কমিটি কর্তৃক যাচাই-বাছাই করার পর স্বল্পতম সময়ে আবেদনকারীকে মোবাইল ফোনের মাধ্যমে অধিদপ্তর থেকে অবহিত করা হবে। এ ক্ষেত্রে জমাকৃত নক্সার সিরিয়ালের কোন তারতম্য হবে না।
- (৫) বাছাই কমিটি কর্তৃক সুপারিশকৃত নৌযান সমূহের ড্রয়িং সমূহ নক্সা অনুমোদন কমিটির নিকট ক্রমানুসারে অনুমোদনের জন্য উপস্থাপন করতে হবে। যে সকল নক্সা অনুমোদন কমিটির নিকট উপস্থাপন করা হবে তার একটি তালিকা নোটিশ বোর্ডে ডিসপ্লে করা হবে।
- (৬) কমিটি কর্তৃক নক্সা অনুমোদন হওয়ার পর অনুমোদিত নক্সার একটি তালিকা নোটিশ বোর্ডে ডিসপ্লে করতে হবে।
- (৭) আবেদনপত্র জমা দেওয়ার পর থেকে কোন রকম ত্রুটি না থাকলে ৪৫ দিনের মধ্যে নক্সা অনুমোদন প্রক্রিয়া সম্পন্ন করে অনুমোদিত নক্সা আবেদনকারীকে প্রদান করতে হবে। কোন কারণে ৪৫ দিনের মধ্যে নক্সা অনুমোদন কমিটি কর্তৃক নক্সা অনুমোদিত না হলে ঐ সকল আবেদন স্বয়ংক্রিয়ভাবে বাতিল হবে।
- (৮) আবেদনকারী নক্সা অনুমোদিত হওয়ার ১(এক) মাসের মধ্যে অনুমোদিত নক্সার সকল প্রয়োজনীয় কাগজপত্র গ্রহন না করলে স্বয়ংক্রিয়ভাবে উক্ত নক্সা বাতিল বলে গণ্য হবে।

এ প্রক্রিয়া পরবর্তী নক্সা অনুমোদন কমিটির সভায় উত্থাপিত নক্সা অনুমোদনের পর থেকে কার্যকর হবে।

ফরমডোর সৈয়দ আরিফুল ইসলাম (চ্যাং), এনডিসি, পিএসসি, বিএন
মহাপরিচালক

বিতরণ :

- ১। চেয়ারম্যান, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ চলাচল (যাপ) সংস্থা, ১৪, পুরানা গল্টন, দারুস সালাম অর্কেড (৫ম তলা), ঢাকা।
- ২। সভাপতি, বাংলাদেশ লঞ্চ মালিক সমিতি, বিআইডব্লিউটিএ টার্মিনাল ভবন (নীচ তলা), সদরঘাট, ঢাকা।
- ৩। সভাপতি, বাংলাদেশ কার্গো ভেসেল ওনার্স এসোসিয়েশন, আকরাম টাওয়ার, ১৫/৫, বিজয় নগর (৬ষ্ঠ তলা), ঢাকা।
- ৪। চেয়ারম্যান, বাংলাদেশ তৈলবাহী জাহাজ মালিক সমিতি, হ্যাপি রহমান প্রাজা (৫ম তলা),
২৫-২৭, কাজী নজরুল ইসলাম এভিনিউ, বাংলামটর, ঢাকা।
- ৫। সভাপতি, বাংলাদেশ পেট্রোলিয়াম ট্যাংকার ওনার্স এসোসিয়েশন, স্যুট-৫০২, লেভেল-৫, ব্লক-সি,
বিজিএমইএ কমপ্লেক্স, ২৩/১, পান্থপথ লিংক রোড, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

অঃপৃঃ